



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
লাইসেন্সিং শাখা



স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৭০২.৪৫.৪০০.২১.২৬১২

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৯

১৭ নভেম্বর ২০২২

বিষয়: **Hamid Electronics & Automobiles** এর অনুকূলে ইস্যুকৃত **Zonal ISP (North – West Zone)** লাইসেন্স **Divisional ISP (Rajshahi & Rangpur Division)** লাইসেন্সে কনভার্সন প্রসঙ্গে।

সূত্র: (ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর স্মারক নং- ১৪.০০.০০০০.০১০.১৮.০০১.২১.১৫৪০ তারিখঃ ৩১.০৮.২০২২

(খ) Hamid Electronics & Automobiles এর পত্র নং-নাই; তারিখঃ ১২.০৮.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান **Hamid Electronics & Automobiles** এর **Zonal ISP (North – West Zone)** লাইসেন্স **Divisional ISP (Rajshahi & Rangpur Division)** লাইসেন্সে কনভার্সনের আবেদনটি নিম্নোক্ত শর্তে অনুমোদন প্রদান করা হলোঃ

- (১) আপনার প্রতিষ্ঠানকে প্যারেন্টাল গাইডেন্স প্রদানসহ তা প্রতিপালন করতে হবে;
- (২) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে আইএসপিএবি (ISPAB)-এর সদস্য পদ গ্রহণ করতে হবে;
- (৩) আপনার প্রতিষ্ঠানকে প্রতি সপ্তাহে তাদের গ্রাহকদের হালনাগাদ তালিকা স্থানীয় থানা এবং বিটিআরসিতে প্রেরণ করতে হবে;
- (৪) আইএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠান কেবলমাত্র তার লাইসেন্সের জন্য নির্ধারিত ভৌগোলিক সীমানাতেই আইনসম্মত কর্মকাণ্ড পরিচালনা করবে;
- (৫) আপনার প্রতিষ্ঠানকে সিসিটিভি (CCTV) এর আওতায় আনতে হবে এবং এ সংক্রান্ত তথ্য কমিশনে প্রদান করতে হবে;
- (৬) বিটিআরসি'র ডাটা ইনফরমেশন সিস্টেম (Data Information System) সহ অন্যান্য ডাটাবেইজসমূহে নিয়মিত তথ্য প্রদান করতে হবে;
- (৭) আইএসপি গাইডলাইনের ধারা ৩৮.১০ অনুযায়ী সাইবার ক্যাফেসহ সকল সেবা গ্রহণকারীদের আইপি লগ (IP Log) সংরক্ষণ করতে হবে এবং চাহিবা মাত্র প্রদান করতে হবে;
- (৮) সরকার কর্তৃক অনুমোদিত “এক দেশ এক রোট” সহ অন্যান্য ট্যারিফ প্ল্যান কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ হতে লিখিতভাবে অনুমোদন গ্রহণ করতঃ গুনগত মান বজায় রেখে গ্রাহকদের সেবা প্রদান করতে হবে ;
- (৯) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান কোন প্রকার এজেন্ট নিয়োগ করতে পারবে না;
- (১০) আইএসপি গাইডলাইন এর ধারা ৩৬ অনুযায়ী ওয়েববেইজড একসেস (Web Based Access) এর জন্য কমিশনকে প্রয়োজনীয় অনলাইন মনিটরিং সিস্টেম ও কানেক্টিভিটি প্রদান করতে হবে;
- (১১) লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করা যাবে না; লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করলে সরকার যে কোন সময় লাইসেন্স বাতিল করার

ক্ষমতা সংরক্ষণ করে;

(১২) কোন কারণ ব্যতিরেকে যে কোন সময় এ আদেশ বাতিলের এখতিয়ার সরকার কর্তৃক সংরক্ষিত।

(১৩) ক্রম-৬ অনুযায়ী DIS এ নিবন্ধন করতঃ প্রমাণক ইএন্ডও বিভাগের নিকট থেকে গ্রহণ করতে হবে। এক্ষেত্রে জনাব শেখ তানবীর আহমেদ, উপ-সহকারী পরিচালক (email: tanbir@btrc.gov.bd) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে কাজ করবেন।

০২। এমতাবস্থায়, Hamid Electronics & Automobiles এর Zonal ISP (North – West Zone) লাইসেন্স হতে Divisional ISP (Rajshahi & Rangpur Division) এ কনভার্সনকৃত লাইসেন্স এর বই (14.32.0000.702.45.554.22.255 Dated: 03.11.2022 & 14.32.0000.702.45.555.22.256 Dated: 03.11.2022) ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশন হতে সংগ্রহের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। একইসাথে উক্ত সময়সীমার মধ্যে আইএসপি গাইডলাইনের রুলজ নং-১৭ এর বিধান মোতাবেক নির্ধারিত ফরম্যাট অ্যাপেন্ডিক্স-৫ (Appendix-5) অনুযায়ী প্রযোজ্য পৃথক দু'টি ব্যাংক গ্যারান্টি (BG) অথবা লাইসেন্সদায়ের পূর্ণমেয়াদের বার্ষিক ফি কমিশনের অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগে জমা প্রদান পূর্বক রিসিভ কপি লাইসেন্স গ্রহণের সময় অত্র বিভাগে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের নতুন লাইসেন্স গ্রহণ এবং ইতিপূর্বে জমাকৃত BG (যদি থাকে) ফেরত গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিক/অংশীদারগণের অবর্তমানে বাধ্যতামূলকভাবে মালিক/অংশীদারগণ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা (Authorization) প্রদান করতে হবে।

সংযুক্তিঃ ব্যাংক গ্যারান্টি ফরম্যাট।



১৭-১১-২০২২

মোঃ হামিদুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক

Proprietor, Hamid Electronics &
Automobiles
Hamid Super Market,
Bangabandhu Road, Tatipara,
Thakurgaon.

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৭০২.৪৫.৪০০.২১.২৬১২/১(৩)

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৯
১৭ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (১), ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ২) পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৭-১১-২০২২

মোঃ মুবিন তালুকদার
উপ সহকারী পরিচালক